

বাংলা বিভাগের উদ্যোগে 'বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী' অনুষ্ঠিত



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গৌরবময় ১৩ বছর পূর্তি উপলক্ষে বাংলা বিভাগের উদ্যোগে ১৩ নভেম্বর-২০১৮, মঙ্গলবার সকাল ১০.৩০টায় 'বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী' বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। বন্দনার মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আরজুমন্দ আরা বানু-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আতিয়ার রহমান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন অধ্যাপক ড. পারভীন আক্তার জেমী।

অনুষ্ঠানে শিক্ষার্থীদের অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যে ছিল গান, নাচ, আবৃত্তি। অনুষ্ঠানের মূল আকর্ষণ ছিল শিক্ষার্থীদের পরিবেশনায় নাটক 'চর্যাপদ' থেকে নেওয়া নারী ও মানবতার মুক্তির বিষয় যার শেষ হয়েছে 'রক্তকরবী' মঞ্চায়ন এর মধ্য দিয়ে।। বাংলা বিভাগের সহকারী অধ্যাপক মোঃ শরীফুল ইসলাম এর নির্দেশনায় বাংলা বিভাগের প্রায় ৫০ জন শিক্ষার্থী নাটক মঞ্চায়নে অংশগ্রহণ করেন।

অনুষ্ঠান শেষে বাংলা বিভাগের বার্ষিক আন্তঃবিভাগীয় সেমিস্টার সাংস্কৃতিক কর্মকাণ্ডে অংশগ্রহণকারী প্রায় ৬০ জন শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। এসময় বিভিন্ন অনুষদের ডিন, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।